# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৬/রে- তারিখঃ

## অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) কর্তৃক মার্চ ৩০, ২০১৬ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর ও নং ৮১-আইন/২০১৬ ।- Service (Reorgasnization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস.আর.ও নং ৩৬৯-আইন/২০১৫, তারিখ ১৫ ডিসেম্বর, ২০১৫ এর মাধ্যমে জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর সংশোধিত আদেশ উপাচার্য মহোদয় কর্তৃক অত্র বিশ্ববিদ্যালয়ে বাস্তবায়েনের অনুমতি প্রদানের বিষয়ে ১১/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত ফাইন্যান্স কমিটি এবং ২৮/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেট অধিবেশনের সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে উদ্বৃত করা হইলঃ

"**ফ ১৬০৩০৯ নং প্রস্তাবের সিদ্ধান্ত** ঃ প্রস্তাবিত বিষয়ে উপাচার্য মহোদয় কর্তৃক গৃহীত ব্যবস্থা অনুমোদন করা যাইতে পারে। **পরিশিষ্ট-৪**"

স্বাক্ষর/-
(প্রফেসর ডঃ এন. এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অঃ দাঃ)
ও
সিন্ডিকেটের সেক্রেটারী

নং সংস্থা/ব-৬/রে- 8952 (80) তারিখঃ 29/07/17

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
২। সকল বিভাগ/অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
৩। কম্পট্রোলার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা ।
৪। সহকারী পরিচালক, বেতন শাখা, কম্পট্রোলার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা ।
৫। গার্ড ফাইল।

1. e-mail link to a) all teachers
b) all officers/employees

2. Comptroller file

Mr. Aziz (1)
Mr. Mannan (2)

(মোঃ সোহরাব উদ্দিন)
ডেপুটি রেজিস্ট্রার
সংস্থাপন শাখা-১

E:/Nasrin/Office Order

CSE

পরিশিষ্ট-৪

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৩০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ/৩০ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৮১-আইন/২০১৬।–Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস, আর, ও নং ৩৬৯-আইন/২০১৫, তারিখ ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের—

(ক) অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে ৩০ জুন, ২০১৬ তারিখ পর্যন্ত কোন কর্মচারী যে তারিখে বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্য হইতেন, সেই নির্ধারিত তারিখের পরিবর্তে সকল কর্মচারী একই তারিখে অর্থাৎ ১৫ ডিসেম্বর, ২০১৫ তারিখে বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্য হইবেন; তবে বার্ষিক বর্ধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ইতোমধ্যে যে সকল কর্মচারী ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে ১৪ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত বার্ষিক বর্ধিত বেতন বাবদ যে অর্থ উত্তোলন করিয়াছেন তাঁহাদের উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না এবং যদি কোন কর্মচারী উপরোক্ত সময়ের মধ্যে প্রাপ্যতা অনুযায়ী বার্ষিক বর্ধিত বেতন উত্তোলন না করিয়া থাকেন তিনিও এই সুবিধা প্রাপ্য হইবেন।"; এবং


মূল্য : টাকা ৪.০০

(খ) অনুচ্ছেদ ১৭ এর উপ-অনুচ্ছেদ (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক, বিমা বা আর্থিক প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) প্রচলিত বিধান মোতাবেক পৃথক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।"।

২। ইহা ০১-০৭-২০১৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আবু তাহের
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনী
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpr